গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সমবায়-১
বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)১.১৮৮/১(২২৬)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

মোঃ রেজাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর

প্রজ্ঞাপন

জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার পরিপ্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক্রঃ নম্বর	তারিখ	গৃহীত কার্যক্রম
(১)	৩০ আশ্বিনের মধ্যে	জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন আহ্বান।
(২)	৩০ অগ্রহায়ণের মধ্যে	ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল।
(৩)	৩ পৌষ অথবা পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল।
(৪)	১০ মাঘের মধ্যে	আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে জেলা প্রশাসকগণ কর্তৃক মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল।
(৫)	১০ ফাল্গুনের মধ্যে	মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান।
(৬)	৩০ ফাল্গুনের মধ্যে	জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকদের নিকট প্রেরণ।
(৭)	৩০ চৈত্রের মধ্যে	সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাগ্রহীতাদের সাথে চুক্তি সম্পাদন ও জলমহালের দখল হস্তান্তর করণ।

০২। বর্ণিত সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্বে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এতদসংক্রান্তে ভূমি মন্ত্রণালয়ের ৩১.০০.০০০০.০৫.৬৮.০৪৭.১৬.৪৫১ নম্বর স্মারক তারিখ: ১৭ আগষ্ট ২০১৭ খ্রিষ্টাব্দ (০২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ) এ জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩০-১২-২০২১

মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ
সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩
ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল: secretary@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)১.১৮৮/১(২২৬)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

...ম আপীল বোর্ড
...ভূমি সংস্কার বোর্ড
...চালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
...ায় কমিশনার (সকল)
...তিরিক্ত সচিব (সকল)
...) যুগ্মসচিব (সকল)
৭) পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
৮) উপসচিব (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৭০০ (সাতশত) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়
১৫) অফিস কপি/ মাষ্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(রাজস্ব শাখা)
(www.faridpur.gov.bd)

স্মারক নং-০৫.১২.২৯০০.০১৪.৩৬.০০১.২২- ১৫/৯

তারিখ ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৪ জানুয়ারী২০২২ খ্রিস্টাব্দ

ভূমি মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রম অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

(তানিয়া আক্তার)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ফরিদপুর।
e-mail- [illegible]

উপজেলা নির্বাহী অফিসার(সকল)
----------,ফরিদপুর।